



কৃষিই সমৃদ্ধি

বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল

নতুন বিমানবন্দর সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫

তারিখ: ২৩/০৩/২০১৭খ্রি:

প্রেস বিজ্ঞপ্তি

সিজিআইএআর এর ৫ম সভার উদ্বোধনী অনুষ্ঠান:

আন্তর্জাতিক কৃষি বিষয়ক সংস্থাসমূহকে স্বল্প কৃষি উপকরণ ব্যবহার করে
উৎপাদন বৃদ্ধির প্রযুক্তি উদ্ভাবনে মাননীয় কৃষি মন্ত্রীর আহ্বান

গত ২২/৩/২০১৭ তারিখে সকাল ১০.০০ টায় ঢাকার ফার্মগেটস্থ বিএআরসি'র সভাকক্ষ-১ এ বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল এবং International Food Policy Research Institute (IFPRI), Dhaka Office এর যৌথ উদ্যোগে CGIAR Advisory Committee (CAC) এর ৫ম সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার উদ্বোধনী অনুষ্ঠানে মাননীয় কৃষি মন্ত্রী মতিয়া চৌধুরী এমপি, প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। কৃষি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (গবেষণা) জনাব ফজলে ওহায়েদ খোন্দকার এর সভাপতিত্বে অনুষ্ঠিত উদ্বোধনী সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষি মন্ত্রণালয়ের সাবেক সচিব এবং কেয়ারটেকার সরকারের সাবেক উপদেষ্টা ড. এএমএম শওকত আলী। সভায় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মহাপরিচালক জনাব মো: মনজুরুল হান্নান, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট এর মহাপরিচালক ড. আবুল কালাম আযাদ, কটন ডেভেলপমেন্ট বোর্ড এর নির্বাহী পরিচালক এবং কৃষি তথ্য সার্ভিস এর পরিচালক। সভায় বাংলাদেশে অবস্থিত আন্তর্জাতিক কৃষি বিষয়ক সংস্থাসমূহের প্রতিনিধিবৃন্দসহ সংশ্লিষ্ট গবেষণা ও সম্প্রসারণ প্রতিষ্ঠানসমূহ থেকে উর্দ্ধতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। সভায় সিজিআইএআর-ভুক্ত প্রতিষ্ঠান ইরি, সিমিট, ওয়ার্ল্ডফিস এবং ইফরিসহ বিভিন্ন আন্তর্জাতিক প্রতিষ্ঠানের চলমান গবেষণা প্রকল্প/ কর্মসূচীসমূহের অগ্রগতি উপস্থাপন করা হয়।

মাননীয় কৃষি মন্ত্রী মতিয়া চৌধুরী এমপি তাঁর প্রধান অতিথির ভাষণে বর্তমান সরকারের কৃষিতে সাফল্য বিশেষভাবে ধান উৎপাদনে স্বসম্পূর্ণতা অর্জন, ফল-সবজি উৎপাদন বৃদ্ধি এবং মৎস্য ও প্রাণিসম্পদ খাতে উৎপাদন বৃদ্ধির কথা উল্লেখ্য করেন। দেশের কৃষি উন্নয়নে বাংলাদেশে কর্মরত আন্তর্জাতিক কৃষি বিষয়ক সংস্থাসমূহের সহযোগিতার কথা উল্লেখ করে তাঁদের স্বল্প কৃষি উপকরণ ব্যবহার করে বিশেষভাবে স্বল্প সেচ, সার, বীজ ব্যবহার করে উৎপাদন বৃদ্ধির প্রযুক্তি উদ্ভাবন এবং সম্প্রসারণের আহ্বান জানান।

উল্লেখ্য, বাংলাদেশে কৃষি গবেষণা ও উন্নয়নে Consultative Group of International Agricultural Research (CGIAR) প্রতিষ্ঠানসমূহ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। দেশের কৃষি উন্নয়নে এসব আন্তর্জাতিক প্রতিষ্ঠান যেমন, IRRI, CIMMYT, WorldFish, IFPRI, CIAT (Int'l Centre for Tropical Agriculture and CIP (Int'l Potato Centre) উদ্যোগী হয়ে কৃষিখাতে বিভিন্ন প্রকল্প গ্রহণ করছে। CG Center সমূহের এসব চলমান কর্মকাণ্ডে সরকারের দিক-নির্দেশনা ও নীতিমালার প্রতিফলন থাকা প্রয়োজন বলে মনে করা হচ্ছে। এ লক্ষ্যে সংশ্লিষ্ট সরকারি সংস্থাসমূহের এবং CG Center সমূহের প্রতিনিধিদের সমন্বয়ে ২০১৩ সনে সরকারের গবেষণা ও সম্প্রসারণ প্রতিষ্ঠানসমূহের প্রধানগণ, বাংলাদেশস্থ CG Center সমূহের প্রতিনিধিগণ এবং সংশ্লিষ্ট উর্দ্ধতন কর্মকর্তাগণের সমন্বয়ে CGIAR Advisory Committee (CAC) গঠন করা হয়েছে এবং ইতোমধ্যে এই কমিটির ৪টি সভা অনুষ্ঠিত হয়েছে। উল্লেখ্য বিএআরসি'র নির্বাহী চেয়ারম্যান উক্ত কমিটির চেয়ারম্যান।

উল্লেখ্য সভায় সংশ্লিষ্ট মন্ত্রণালয়, গবেষণা, সম্প্রসারণ এবং সিজিআইএআর প্রতিষ্ঠানসমূহ থেকে ৬০ জন কর্মকর্তা উপস্থিত ছিলেন

স্বাক্ষরিত/

(মোঃ মুস্তাফিজুর রহমান)

প্রিন্সিপাল ট্রেনিং অফিসার

ফোন: ৯১৩২৪১২/০১৭১৭১৭১৯৮৬

প্রতি:

বার্তা সম্পাদক/পরিচালক (বার্তা)

দৈনিক.....